# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপারেশন সিন্দুর বিশ্বজুড়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ নতুন আস্থা এবং উৎসাহ জুগিয়েছে।

আজ আকাশবাণীতে তাঁর মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী অপারেশন সিন্দুরকে দেশের সংকল্প ও সাহসের পরিচয় বলে উল্লেখ করে বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই দেশ ঐক্যবদ্ধ।

প্রধানমন্ত্রী বলেছেন, দেশের মধ্যে মাওবাদীদের বিরুদ্ধে লড়াই অব্যাহত রয়েছে।

সুস্থ থাকার জন্য সকলকে স্বাস্থ্য সচেতন হওয়ারও তিনি পরামর্শ দিয়েছেন।

২) ভূটান পাহাড় থেকে নেমে আসা একাধিক নদীর প্লাবনের সমস্যা নিরসনে রাজ্য সরকার যৌথ নদী কমিশন গঠনের দাবি জানিয়েছে।

৩) চাকরি ফিরে পাওয়ার দাবিতে শিক্ষিকাদের একাংশ আজ কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনের দফতরে ডেপুটেশন দেন।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেছেন, চাকরিহারা শিক্ষকদের সঙ্গে তিনি আলোচনায় বসতে রাজি।

৪) ঘুষ নেওয়ার অভিযোগে মুর্শিদাবাদ মেডিকেল কলেজের এনাটমি বিভাগের প্রধানকে সিবিআই গ্রেফতার করেছে।

৫) আলিপুর আবহাওয়া দফতর ২৭ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপারেশন সিন্দুর বিশ্বজুড়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ নতুন আস্থা এবং উৎসাহ জুগিয়েছে। আজ আকাশবাণীতে তার মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী অপারেশন সিন্দুরের সময় সেনা বাহিনী যে সাহসিকতা দেখিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেন। সীমান্ত পেরিয়ে জঙ্গিদের ঘাঁটি যেভাবে ধ্বংস করা হয়েছে, তার প্রশংসা করে তিনি বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে গোটা দেশ ঐক্যবদ্ধ এবং সন্ত্রাসবাদ নির্মূল করতে দেশ দৃঢ়প্রত্যয়ী। শ্রী মোদী জোর দিয়ে বলেন, অপারেশন সিন্দুর, শুধুমাত্র একটি সামরিক অভিযান-ই নয়, দেশের সংকল্প ও সাহসের পরিচয়।

(বাইট – অপারেশন সিন্দুর )

দেশের বিভিন্ন শহর ও গ্রামে তেরেঙ্গা যাত্রা আয়োজনের কথাও শ্রী মোদী উল্লেখ করেন। দেশে তৈরি পণ্যকে অগ্রাধিকার দেবার অনুরোধ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এটা শুধু অর্থনৈতিক স্বনির্ভরতার প্রশ্নই নয়, এটা দেশ গঠনে অংশগ্রহণেরও বিষয়। আজকের মন-কি-বাতে প্রধানমন্ত্রী গডচিরৌলির কাটেঝাড়ি গ্রামে প্রথমবার বাস পৌঁছনোর কথা উল্লেখ করে বলেন, মাওবাদী সন্ত্রাসে ক্ষতিগ্রস্ত এই এলাকায় আগে কখনও গ্রামবাসীদের জন্য বাস ঢুকতে পারেনি। কাটেঝাড়ির এই পরিবর্তনে সন্তোষ প্রকাশ করে শ্রী মোদী বলেন, মাওবাদের বিরুদ্ধে সম্মিলিত লড়াই-এর ফলে মৌলিক নাগরিক সুবিধাগুলি এই এলাকায় পৌঁছতে শুরু করেছে। চ্যালেঞ্জের মধ্যেও জনগণ তাদের জীবনের উন্নতির পথ বেছে নিয়েছে বলে শ্রী মোদী উল্লেখ করে বলেন, ছত্তিশগড়ের দান্তেওয়াড়ায় শিক্ষা ব্যবস্থা এগিয়ে চলেছে।

(বাইট – মাওবাদী)

স্কুলগুলিতে স্বাস্থ্য সচেতনতার ওপর জোর দেওয়া হচ্ছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন,সুস্থ থাকতে জীবন-যাপনের অভ্যাসের পরিবর্তন জরুরী।

বিশে মে ছিল আন্তর্জাতিক মৌমাছি দিবস। প্রধানমন্ত্রী এ’প্রসঙ্গে বলেন, মৌমাছি পালন দেশের আর্থিক স্বনির্ভরতা এবং সাধারণ মানুষের সুস্বাস্থ্যের পক্ষেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। গত ১০-১১ বছরে দেশে মধু উৎপাদন ষাট শতাংশ বৃদ্ধি পেয়েছে। মৌমাছিদের পালন,

শুধু পরিবেশই নয় দেশের কৃষি ব্যবস্থা এবং আগামী প্রজন্ম সমৃদ্ধ করবে। **পশ্চিমবঙ্গ**, অরুণাচল প্রদেশ, উত্তর প্রদেশ, গুজরাটের মহিলা ও যুবারা মধু উৎপাদনে এগিয়ে এসেছেন।

( বাইট- MKB মধু )

আগামী ২১-শে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, দৈনিক জীবনে যোগ-কে যুক্ত করা দরকার। প্রধানমন্ত্রী অন্য আরও একটি প্রসঙ্গে বলেন, আয়ুর্বেদের ক্ষেত্রেও ভারতে ব্যাপক পরিবর্তন ঘটেছে। গত ২৪ শে মে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে এনিয়ে একটি মৌ'ও স্বাক্ষরিত হয়েছে।

প্রধানমন্ত্রী সকলকে, পেপার ওয়েস্ট এবং রিসাইক্লিং নিয়ে সচেতন হওয়ার পরামর্শ দিয়ে বলেন, দেশের অনেক স্টার্ট আপ এ ক্ষেত্রে ভালো কাজ করছে। কাগজের রিসাইক্লিং সঠিকভাবে হলে পরিবেশও রক্ষা পাবে এবং গাছ কাটাও কমবে।

( বাইট – রিসাইক্লিং)

উদীয়মান উত্তর-পূর্ব বিনিয়োগকারী শীর্ষ সম্মেলনের উল্লেখ করে শ্রী মোদী বলেন, উত্তর-পূর্ব এক অসাধারণ অঞ্চল। ক্রাফটেড ফাইবারকে তিনি বস্ত্র বয়ন এবং ফ্যাশনের এক অনুপম শিল্পসোউকর্য বলে উল্লেখ করেন।

(বাইট-নর্থ-ইস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০

**জলপাইগুড়ির** সাংসদ ডাক্তার জয়ন্ত রায়, আজ প্রধানমন্ত্রীর 'মন কি বাত' অনুষ্ঠান শোনেন।

**নদীয়ার বীরনগরে** আজ মন কি বাত শুনতে বহু মানুষ কান পাতেন রেডিওতে এবং চোখ রাখেন টিভির পর্দায়। বিজেপি দলীয় কর্মী সমর্থকদের সঙ্গে সেখানে উপস্থিত ছিলেন বিধায়ক পার্থসারথি চ্যাটার্জী, রানাঘাট দক্ষিণ সাংগঠনিক জেলা বিজেপির সভানেত্রী অপর্না নন্দী, অধ্যাপক সোমনাথ কর সহ বিশিষ্ট জনেরা।

oooooooooooooooooooooo

ভুটান পাহাড় থেকে নেমে আসা একাধিক নদীর জলপ্রবাহ জনিত প্লাবনের সমস্যা নিরসনে পদক্ষেপ করার জন্য রাজ্য সরকার যৌথ নদী কমিশন গঠনের দাবি জানিয়েছে। একই সঙ্গে বর্ষায় ঐ সমস্ত নদীর জলপ্রবাহ এবং ভাঙ্গন সংক্রান্ত সমস্যার উপর লাগাতার নজরদারি চালাতে  গঠন করা হয়েছে ১২টি ক্যুইক রেসপন্স টিম । বর্ষার সময় উত্তরবঙ্গের কোনও নদী বাঁধে ভাঙনের সম্ভাবনা দেখা দিলে বা ক্ষয়ক্ষতির খবর এলেই সেচ দফতরের ওই টিম দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাবে। সেচ দফতর সূত্রে জানা গেছে, ডুয়ার্স ও আশপাশের অঞ্চলে নদী গুলি বর্ষায় বিপজ্জনক হয়ে ওঠে। কিন্তু রাজ্যের কাছে ভুটান সীমান্তের সব নদীর জলস্তরের তথ্য নেই। বর্তমানে মাত্র তিনটি নদীর জলপ্রবাহের তথ্য সরাসরি পায় রাজ্যের সেচ দফতর। বাকি বহু নদীর জলস্ফীতি সম্পর্কে ভুটানের উপর নির্ভর করতে হয়।এই পরিস্থিতি মোকাবিলায় সম্প্রতি ভুটানের পারোতে দুদেশের বিশেষজ্ঞ কমিটির বৈঠক বসে। রাজ্যের সেচ দফতরের দুই প্রতিনিধিও বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে ভুটান সরকারকে অনুরোধ করা হয়েছে, যাতে আরও বেশি হাইড্রোলজিক্যাল যন্ত্র বসানো হয় এবং নদীগুলির জলস্তর ও বৃষ্টির পরিমাণ সম্পর্কে আগাম তথ্য ভাগ করে নেওয়া যায়।

oooooooooooooooooooo

অপারেশন সিন্দুরের সাফল্যে দেশে বীর সেনানীদের সম্মান জানাতে বিজেপির তরফে আজ উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, দলের নেতা অর্জুন সিং, কৌস্তব বাগচী, শীলভদ্র দত্ত , তাপস রায় প্রমুখ। জগদ্দল অকল্যান্ড জুট মিল মাঠ থেকে শুরু হয়ে ভাটপাড়া মোড়ে মিছিল শেষ হয়।

এদিকে, সেনাবাহিনীকে অভিনন্দন জানাতে মেদিনীপুর শহরে আজ বিকেলে  তিরঙ্গা যাত্রায় পা মেলান সাধারণ মানুষ।

oooooooooooooooooooooo

**চাকরিতে পুনর্বহালের দাবিতে কালীঘাটের মুখ্যমন্ত্রীর বাসভবনের দপ্তরে আজ ডেপুটেশন দিয়েছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো শিক্ষিকাদের একাংশ।** মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করতে চেয়ে কালীঘাটে গেলে পুলিশ প্রথমে তাঁদের কালীঘাট থানায় নিয়ে যায়। তাঁদের মধ্যে কয়েকজন মুখ্যমন্ত্রীর দফতরে গিয়ে ডেপুটেশন জমা দেন। তাঁদের তরফে শতাব্দী সরকার জানান, ডেপুটেশন ছাড়াও মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার আবেদন জানিয়ে একটি চিঠিও দেওয়া হয়েছে।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশনের প্রকাশিত যোগ্যদের তালিকায় নাম নেই এই শিক্ষিকাদের।

**এদিকে, চাকরিহারানো শিক্ষকদের সঙ্গে তিনি আলোচনায় বসতে রাজি বলে আজ জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।** আন্দোলনরত চাকরিহারাদের একাংশ শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনায় বসার দাবি জানিয়ে চিঠি দিয়েছিল। সোমবারের মধ্যে সরকারের তরফে কেউ তাঁদের সঙ্গে যোগাযোগ না করলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছিলেন তাঁরা। আজ শিক্ষামন্ত্রী বলেন, সরকার সর্বতোভাবে চাকরিহারানো শিক্ষকদের সহযোগিতা করতে চাইছে। আগামীকাল শিক্ষা দপ্তরের পক্ষ থেকে তাঁদের সঙ্গে যোগাযোগ করা হবে। তাঁরা কী নিয়ে আলোচনায় বসতে চান, তা জানিয়ে সঠিকভাবে চিঠি দেওয়ার পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী।

অন্যদিকে, চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ আজ সল্টলেকে বিজেপি সাংসদ, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন দাখিলের জন্য তাঁদের পরামর্শ দেন সাংসদ। পরে সাংবাদিকদের শ্রী গঙ্গোপাধ্যায় বলেন, রাজ্য সরকার ও স্কুল সার্ভিস কমিশন যোগ্য-অযোগ্যদের তালিকা পৃথক করতে পারত। শাসক দলের দুর্নীতি প্রকাশ্যে আসায় সরকার এই বিষয়ে জটিলতা বজায় রাখতে চাইছে।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, চাকরিহারাদের নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, শিক্ষকরা চাকরি ফিরে পাক তৃণমূল কংগ্রেস সরকার তা চায় না।

ooooooooooooooooooo

বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি ভাঙচুর এবং সরকারি কর্মীদের ভয় দেখানোর অভিযোগে চিন্ময় মন্ডল নামে চাকরি হারানো এক শিক্ষককে ডেকে পাঠিয়েছে বিধাননগর পুলিশ কমিশনারেট। আগামীকাল বিকেল চারটেয় তাঁকে গোয়েন্দা বিভাগের কাছে হাজিরা দেওয়ার জন্য নোটিশ পাঠানো হয়েছে। চিন্ময় মন্ডল জানিয়েছেন, আইনজীবীদের সঙ্গে পরামর্শ করেই এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।

oooooooooooooooo

উতকোচ নেওয়ার অভিযোগে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালের অ্যানাটমি বিভাগের প্রধান ডাক্তার তপন কুমার জানাকে সিবিআই গ্রেপ্তার করেছে। বর্ধমানের বাসিন্দা ওই চিকিৎসক জাতীয় মেডিকেল কাউন্সিল-এনএমসি-র 'অ্যাসেসর' বা মূল্যায়নকারী হিসেবে নিযুক্ত ছিলেন। কর্নাটকের একটি বেসরকারি মেডিকেল কলেজ পরিদর্শনের পর এনএমসি থেকে সুবিধাজনক রিপোর্ট পাইয়ে দেওয়ার বিনিময়ে ১০ লক্ষ টাকা ঘুষ নেওয়ার সময় হাতেনাতে তাকে গ্রেপ্তার করা হয়।

এই ঘটনায় চিকিৎসক সহ তিনজনের বিরুদ্ধে মামলা রুজু করে সিবিআই বর্ধমানের মিঠাপুকুর এলাকার হাতিশালায় ঐ চিকিৎসকের বাড়িতে গতকাল রাতভর তল্লাশি চালায়। এছাড়াও আরও বেশ কিছু জায়গায় অভিযান চালিয়ে ৪৪ লক্ষ ৬০ হাজার টাকা এবং বেশ কিছু নথিপত্র উদ্ধার করেছে।

ooooooooooooooooooo

বাতাসে অত্যধিক জলীয়বাষ্পের উপস্থিতি এবং স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায় আজ থেকে ২৭ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পুর্বাভাস। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, ২৭ তারিখ উত্তর ও পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরের কাছাকাছি

অঞ্চলে একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলায় ২৮ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। উত্তরবঙ্গের সব জেলাতেই আগামী ৩-৪ দিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। ২৯, ৩০ ও ৩১ এই তিন দিন বৃষ্টির পরিমাণ বাড়বে। নিম্নচাপের কারণে দমকা বাতাস থাকার দরুন নতুন করে বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত ২৮ তারিখ থেকে মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

(বাইট - সৌরীশ বন্দ্যোপাধ্যায়)

oooooooooooooooooooo

দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে। হায়দ্রাবাদ টসে জিতে প্রথমে ব্যাট করছে।

ooooooooooooooooooo

oooooooooooooooooooo

oooooooooooooooooooo